গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জরুরি
ওমরাহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর ১৬.০০.০০০০.০০৩.৩৪.০৮৭.১৫.১ তারিখ ১০ ভাদ্র ১৪২৬
২৫ আগস্ট ২০১৯

বৈধ ওমরাহ এজেন্সির তালিকা প্রকাশ ও নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪৪১ হিজরি (২০১৯-২০২০ খ্রি.) সনের ওমরাহ কার্যক্রমে অংশগ্রহণে আগ্রহী বৈধ ওমরাহ এজেন্সীর তালিকা প্রণয়নের লক্ষ্যে ওমরাহ এজেন্সিসমূহকে আগামী ০১.০৯.২০১৯ খ্রি. তারিখের মধ্যে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় {দৃ: আ: উপসচিব (হজ)} বরাবর এজেন্সীর নিজস্ব প্যাডে নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ইতোমধ্যে যে সকল ওমরাহ এজেন্সীর নবায়নের মেয়াদ উত্তীর্ণ হয়েছে অথবা ৩১.১২.২০১৯ তারিখ বা নিকটবর্তী সময়ে উত্তীর্ণ হবে, সে সকল ওমরাহ এজেন্সিকে লাইসেন্স নবায়নের লক্ষ্যে নবায়ন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

আবেদনের সাথে নিম্ন বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) হালনাগাদ ট্রাভেল এজেন্সির লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;

(খ) ২০১৮-২০১৯/২০১৯-২০২০ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;

(গ) ২০১৮-২০১৯/২০১৯-২০২০ অর্থ বছরের হালনাগাদ/পরিশোধিত আয়কর সনদের সত্যায়িত ফটোকপি;

(ঘ) চলমান ওমরাহ লাইসেন্সের ফটোকপি

(ঙ) হালনাগাদ আই.এ.টি.এ. সনদের সত্যায়িত ফটোকপি;

(চ)বিগত সময়ে শাস্তি প্রাপ্ত হলে সে সংক্রান্ত তথ্য (সর্বশেষ/বর্তমান অবস্থাসহ);

(ছ) পূর্ববর্তী বছরের ওমরাহ কার্যক্রম পরিচালনা করে থাকলে সৌদি সিস্টেম থেকে প্রতিবেদনের প্রিন্ট কপি;

(জ) পূর্ববর্তী বছরের সৌদি যে কোম্পানীর সাথে চুক্তি হয়েছিল সে কোম্পানী থেকে ছাড়পত্র গ্রহণপূর্বক ছাড়পত্রের আরবী প্রিন্ট কপি এবং তৎসাথে উক্ত প্রিন্ট কপির ইংরেজি অনুবাদের কপি।

(ঝ) নবায়ন ফি বাবদ ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা করে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য ২৫,০০০×৩=৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা ১-৩৫০১-০০০১-১৮৫৪ কোডে এবং ১৫% হারে ভ্যাট বাবদ (৭৫,০০০×১৫%)=১১,২৫০ /- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা ১-১১৩৩-০০১০-০৩১১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক জমাকৃত চালানের মূল কপি; **(শুধুমাত্র নবায়নের ক্ষেত্রে)**

(ঞ) ২০১২-২০১৫ সময়ে যে সকল ওমরাহ এজেন্সি লাইসেন্স প্রাপ্ত হয়েছে; কিন্তু বছর প্রতি লাইসেন্স ফি/নবায়ন ফির উপর পৃথকভাবে ১৫% হারে ভ্যাট প্রদান করা হয়নি সে সকল নিয়োগকৃত/নবায়নকৃত এজেন্সিসমূহকে ৬০,০০০/- (ষাট হাজার) টাকর উপর ১৫% হারে ভ্যাট বাবদ ৯০০০/- (নয় হাজার) টাকা ১-১১৩৩-০০১০-০৩১১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানপূর্বক জমাকৃত চালানের মূলকপি দাখিল করতে হবে;

(ট) ঠিকানা পরিবর্তন করা হলে (প্রযোজ্যক্ষেত্রে) তার অনুমোদনের কপি;

(ঠ) জামানত হিসেবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিয়েনকৃত ২০.০০ (বিশ লক্ষ) টাকার এফ.ডি.আর. সচল/কার্যকর থাকতে হবে;

(ড) চলমান ওমরাহ লাইসেন্সের মূল কপি; **(শুধুমাত্র নবায়নের ক্ষেত্রে)**

(ঢ) সংযুক্ত ছকে বর্ণিত তথ্য পূরণপূর্বক পূরণকৃত ফরম (ক)।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় হতে কোন কারণে ওমরাহ এজেন্সির ট্রাভেল সনদ বাতিল করা হলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ব উক্ত ওমরাহ এজেন্সির ওমরাহ লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে;

২৫-৮-২০১৯
মোঃ শিব্বির আহমদ উছমানী
সিনিয়র সহকারী সচিব

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
৩) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৪) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫) পরিচালক, আশকোনা, বিমান বন্দর, ঢাকা (সংশ্লিষ্ট সকল ওমরাহ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)।
৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৭) সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনু ধসহ)
৮) যুগ্মসচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) সভাপতি/মহাসচিব, সাত্তারা সেন্টার, হোটেল ভিক্টোরি, ৩০/এ নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল ওমরাহ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ।)।
১০) ব্যবস্থাপনা পরিচালক, বিডিবিএল ভবন, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ সংক্রান্ত ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ))

<u>“ছক”</u>

ওমরাহ এজেন্সির হালনাগাদ তথ্য:

১.	ওমরাহ লাইসেন্স নং	:	
২.	প্রতিষ্ঠানের নাম (বাংলা ও ইংরেজিতে)	:	
৩.	প্রতিষ্ঠানের ঠিকানা (বাংলা ও ইংরেজিতে)	:	
৪.	ঠিকানা পরিবর্তন করা হয়েছে কি-না (হলে তার অনুমোদনের কপি পৃথক পৃথক ভাবে সংযুক্ত করতে হবে)	:	
৫.	সত্ত্বাধিকারী/মালিকানার জাতীয় পরিচয়পত্রসহ তালিকা (নাম, ঠিকানা ও পদবীসহ)	:	
		:	
৬.	পরিচালনাকারীর নাম ও জাতীয় পরিচয় পত্র নম্বর (একক মালিকানাধীন না হলে পরিচালনাকারীর ক্ষমতা প্রাপ্তির বিষয়ে যৌথ মালিকদের সম্মতিপত্র/কার্যবিবরণী সংযুক্ত করতে হবে)	:	
৭.	অফিসের আয়তন (বর্গফুট/বর্গমিটার)	:	
৮.	হালনাগাদ কাগজপত্র (আবেদিত বছর পর্যন্ত হালনাগাদ থাকতে হবে)	:	
			ট্রেড লাইসেন্স — সংযুক্ত করতে হবে
			আয়কর সনদ — সংযুক্ত করতে হবে
			সিভিল এভিয়েশন সনদ — সংযুক্ত করতে হবে
			অফিস ভাড়া চুক্তিপত্র অথবা মালিকানা দলিল — সংযুক্ত করতে হবে
			আইএটিএ সনদ — সংযুক্ত করতে হবে
৯.	এজেন্সি অফিসের কর্মকর্তার তালিকা সংযুক্ত করতে হবে (জাতীয় পরিচয়পত্র নম্বরসহ) (যিনি দাপ্তরিক কাজ করেন তার নাম, ঠিকানা ও পদবী ইত্যাদি)	:	
১০.	যোগাযোগ তথ্য (ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল ওয়েবসাইট)	:	
১১.	জামানতের বিবরণ (এফ.ডি.আর. নং, ব্যাংক ও শাখার নাম, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে)	:	
১২.	বিগত ০৩ (তিন) বছরে ওমরাহযাত্রীর পরিসংখ্যান:		

বছর	পুরুষ	মহিলা	মোট	ওমরাহ যাত্রী ফেরত এসেছেন	ওমরাহ যাত্রী ফেরত আসেনি	মন্তব্য

১৩.	এজেন্সির লাইসেন্সের বিরুদ্ধে কোন মামলা আছে কি না (হ্যাঁ / না)	:	
১৪.	মামলা চলমান থাকলে উহার নম্বর ও সন	:	

সত্ত্বাধিকারী/পরিচালনাকারীর স্বাক্ষর
(সীলসহ)

বি:দ্র: একটি আবেদনে কোন ডকুমেন্টস একাধিকবার উল্লেখ থাকলে একটি কপি সংযুক্ত করলেই চলবে। তবে নবায়নের ক্ষেত্রে ও তালিকায় নাম প্রকাশের ক্ষেত্রে পৃথক পৃথক আবেদন করতে হবে এবং সে অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করতে হবে।